২১ অক্টোবর, ২০২১ তারিখে অনুষ্ঠিত ৫ম উপজেলা পরিষদের ৩১ তম মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মো: আব্দুল মান্নান খান
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।

তারিখ : ২১/১০/২০২১ খ্রি.

সময় : বেলা ১০.৩০ মিনিট

সভাস্থল : Zoom Cloud Meeting।

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

অদ্যকার সভা, করোনা ভাইরাসের কারণে উদ্ভূত পরিস্থিতিতে ভার্চুয়াল Zoom Cloud Meeting এর মাধ্যমে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমারখালী ও সভাপতি উপজেলা মাসিক/উন্নয়ন সমন্বয় বিষয়ক কমিটি কুমারখালী, কুষ্টিয়ার সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হয়। সভার সদস্যগণ Zoom Cloud Meeting এর মাধ্যমে ভার্চুয়াল সভায় সংযুক্ত হন। সভাপতির অনুমতিক্রমে বিগত ১৬ সেপ্টেম্বর, ২০২১ খ্রিষ্টাব্দ তারিখে অনুষ্ঠিত ৩০তম সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কার্যবিবরণীতে সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়করণ করা হয়। অতঃপর বিভাগীয় ও অন্যান্য কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনাক্রমে নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত সমূহ গ্রহণ করা হয় :-

অনু:	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	**স্বাস্থ্য বিভাগ :** সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স কুমারখালীতে কোভিড-১৯ এর নমুনা সংগ্রহ করা হয়েছে ১২,৮৮২ জন এর মধ্যে থেকে পজেটিভ ২,৬১২ জন, সুস্থ ২৪,৫৯৫ জন, মৃত হয়েছে ১০৭ জন, আইসোলেশন আছেন ১৭ জন, কোভিড-১৯ এর ১,১৪,০০০ জনকে টিকা প্রদান করা হয়েছে। তিনি আরও জানান সরকারি এ্যাম্বুলেন্স চালু আছে। বর্তমানে নিয়মিত ভাবে এক্স-রে, ইসিজি ও আল্ট্রাসনোগ্রাম করা হয়। সেপ্টেম্বর/২১ মাসে বহিঃ বিভাগে ৭,৯৭৬ জন রোগী ও আন্তঃ বিভাগে ৯৫২ জন রোগী এবং জরুরি বিভাগে ১,৭৬৮ জন রোগীকে চিকিৎসা প্রদান করা হয়েছে। বেড অকুপেন্সী রেট :- ১৫৩% একজন রোগী চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন। সেপ্টেম্বর/২১ মাসে ৯৩ জন রোগীকে এক্সরে করা হয়েছে এবং কমিউনিটি ক্লিনিকে ৩০,৮৮০ জন রোগীকে চিকিৎসা প্রদান করা হয়েছে। ইপিআই টিকা ৫,৮৬৭ জনকে প্রদান করা হয়েছে। উপজেলা নির্বাহী অফিসার জানান জেলা প্রশাসক মহোদয় দুইটি কমিউনিটি ক্লিনিক পরিদর্শন করে সন্তোষ প্রকাশ করেছেন। এই ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য কর্মকর্তাকে অনুরোধ করেন। এছাড়া কোভিড-১৯ এর টিকা সুস্থভাবে প্রদানের লক্ষে আনসার সদস্য পদায়ন অব্যাহত রাখার জন্য অনুরোধ করেন। এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা কুমারখালী, কুষ্টিয়া।
০২	**কুমারখালী পৌরসভা :** সভায় মেয়র কুমারখালী জানান পৌরসভার জনগুরুত্বপূর্ণ ১৪ কোটি টাকার কাজ চলমান আছে। পৌরসভার অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।	মেয়র কুমারখালী পৌরসভা কুমারখালী, কুষ্টিয়া।
০৩	**মৎস্য বিভাগ :**		

	সভায় উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা জানান, আগামী মাসের ০৪/১০/২১ খ্রি. থেকে ২৫/১০/২১ খ্রি. পর্যন্ত মোট ২২ দিন ইলিশ মাছ ধরা, পরিবহন, বাজারজাত বন্দ করার জন্য বিভিন্ন বাজারে মোবাইল কোর্ট, পদ্মা ও গড়াই নদীতে অভিযান পরিচালনা করা হচ্ছে। এই সময় সকলে সহযোগিতা করার জন্য অনুরোধ করেন এবং ১৪ টি সরকারি জলাশয়/প্রতিষ্ঠানিক পুকুরে ৪৬৭ কেজি মৎস্য পোনা অবমুক্ত করা হয়েছে। "ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্প" এর আওতায় ১০ জন সুফলভোগী জেলে প্রাথমিক ভাবে নির্বাচন করা হয়েছে। এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং মা ইলিশ রক্ষায় সকলে সহযোগিতা করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা, কুমারখালী, কুষ্টিয়া ও সংশ্লিষ্ট সকলে।
০৪	**প্রাণিসম্পদ বিভাগ ঃ** সভায় উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান সেপ্টেম্বর/২১ মাসে ১,১৬৮ টি গবাদিপশু ও ৮,৬১৫ টি হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান করা হয়েছে, ৪,২৯৬ টি গবাদিপশুকে ও ২৫,৮০০ টি হাঁস-মুরগীকে টিকা প্রদান করা হয়েছে। গাভী ও বকনাকে ১,৭৩৮ টি কৃত্রিম প্রজনন করা হয়েছে এবং টিকাবীজ বিক্রয় ও কৃত্রিম প্রজনন ফি বাবদ রাজস্ব আদায় হয়েছে- ৬৫,১৩০/- টাকা। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কুমারখালী।
০৫	**কৃষি বিভাগ ঃ** সভায় উপজেলা কৃষি কর্মকর্তা জানান ৫০% ভুর্তকি মূল্যে বিভিন্ন ক্যাটাগরিতে কৃষি যন্ত্রপাতি গ্রহনের জন্য ২০ জন আবেদন করেছেন। তার মধ্যে ০৭ টি রিপার হারভেস্টার মেশিন এর অনুমোদিত পাওয়া গেছে। এছাড়া শীতকালীন পেঁয়াজ মসূর গম, ভুট্টা, চিনা বাদাম, সরিষা চাষের জন্য প্রান্তিক কৃষক পর্যায়ে বীজ ও সার প্রদান করা হবে। বর্তমানে ধান গাছে কারেন্ট পোকার আক্রমন দেখা যাচ্ছে। সেজন্য সকলকে সজাগ দৃষ্টি রাখার জন্য অনুরোধ করেন। তাছাড়া স্থানীয় পর্যায়ে কোন সমস্যা দেখা দিলে উপ-সহকারী কৃষি কর্মকর্তার সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করেন। এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা কৃষি কর্মকর্তা, কুমারখালী কুষ্টিয়া
০৬	**স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ ঃ** সভায় উপজেলা প্রকৌশলী জানান, JIKA প্রকল্পের নতুন ০২টি প্রকল্পের কাজের অগ্রগতি ৮০ শতাংশ এবং ০২টি পাকেজ এর দরপত্র আহবান করা হয়েছে। এলজিইডির মাধ্যমে গড়াই নদীর উপর ৬৫০ মিটার ব্রীজ নির্মাণ কাজের অগ্রগতি ৫৫ শতাংশ, পল্লী সড়ক ও কালভার্ট মেরামত কাজ চলমান, প্রাথমিক বিদ্যালয়ের অতিরিক্ত শ্রেণী কক্ষ সম্প্রসারন কাজ চলমান আছে। মুক্তিযুদ্ধ স্মৃতি জাদুঘর ও স্মৃতি সৌধ নির্মান কাজ চলমান আছে। মেয়র কুমারখালী পৌরসভা বলেন গড়ের মাঠ ব্রীজ এর ঠিকাদার অত্যন্ত নিম্নমানের কুষ্টিয়া সদর উপজেলায় একটি ব্রীজ দীর্ঘদিন কাজ না করার কারনে পরিত্যক্ত অবস্থায় পড়ে আছে। দীর্ঘদিন কাজের কোন অগ্রগতি না হওয়ায় এলাকার জনসাধারণ মাননীয় সংসদ	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গড়ের মাঠ এর ব্রীজ কাজ জরুরি ভিত্তিতে শেষ করার জন্য উপজেলা প্রকৌশী প্রয়োজনীয় সকল পদক্ষেপ গ্রহণ করবেন। এছাড়া ব্রীজ এলাকায় মাটির ডাইভার্সনটি জরুরি ভিত্তিতে সংস্কারের উদ্যোগ গ্রহণ করবেন।	উপজেলা প্রকৌশলী, কুমারখালী, কুষ্টিয়া।

CamScanner

	সদস্য, উপজেলা পরিষদ চেয়ারম্যানকে গালমন্দ করে থাকেন। উক্ত ঠিকাদারের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করেন। চেয়ারম্যান উপজেলা পরিষদ, কুমারখালী জানান ব্রীজ এর দুই পাশ ডাইভার্সনের মাটি অত্যন্ত নিচু ফলে নিয়মিত দুর্ঘটনা ঘটে। এটি মেরামত করা খুবই জরুরি।		
০৭	**আইন শৃঙ্খলা ঃ** সভায় অফিসার ইনচার্জ কুমারখালী থানা জানান হিন্দু সম্প্রদায়ের বড় উৎসব ইত্যোমধ্যে শেষ হয়েছে। বর্তমানে আইন শৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক। আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য সকলের দৃষ্টি আকর্ষণ করেন।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।	অফিসার ইনচার্জ কুমারখালী থানা ও সংশ্লিষ্ট সকলে।
০৮	**মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ** সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান ১২ আগষ্ট থেকে বিদ্যালয় পরিচালনা করা হচ্ছে। সকাল ১০ টা থেকে বিকাল ৩ টা পর্যন্ত বিদ্যালয় পরিচালনা করা হচ্ছে। বিদ্যালয়ের ছাত্র/ছাত্রী এবং শিক্ষক/শিক্ষিকা স্বাস্থ্য বিধি মেনে মাস্ক পরিধান করে ক্লাস পরিচালনা করছেন কিনা। সেজন্য বিদ্যালয় পরিদর্শন করার জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়া দয়রামপুর দাখিল মদ্রাসার মাঠ জলাবদ্ধতা নিরসন করার জন্য ১,৫০,০০০/- এক লক্ষ পঞ্চাশ হাজার টাকা বরাদ্দ করার জন্য মাননীয় সংসদ সদস্য ও উপজেলা চেয়ারম্যান এর দৃষ্টি আকর্ষণ করেন।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দু বিদ্যালয় পরিদর্শন করবেন এবং মীর মশাররফ হোসেন মাধ্যমিক বিদ্যালয়ের হাইজিন কর্ণারের কাজ নিবিড় তদারকি করার জন্য উপজেলা প্রকৌশলী অনুরোধ করা হয়।	উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট ইফনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দু কুমারখালী, কুষ্টিয়া।
০৯	**উপজেলা শিক্ষা বিভাগ ঃ** সভায় নবাগত উপজেলা সহকারী শিক্ষা কর্মকর্তা জানান ১২ সেপ্টেম্বর/২১ পর্যন্ত মাতৃত্বজনিত, অসুস্থতা ও বয়স জনিত কারনে শিক্ষকদের মধ্যে অনেকেই টিকা গ্রহণ করতে পারেননি। টিকা গ্রহণের হার ৯৯ শতাংশ। বিদ্যালয় খোলার প্রস্তুতির জন্য ২০২০-২০২১ অর্থ বছরে ১৪৭ টি বিদ্যালয়ের অনুকূলে স্লিপ থেকে বরাদ্দ রাখা হয় এবং অর্থ ছাড় করা হয়েছে। স্বাস্থ্যবিধি মেনে ১২/০৯/২১ খ্রি. তারিখ হতে বিদ্যালয় খোলা হয়েছে। উপজেলা নির্বাহী অফিসার জানান মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষনা অনুযায়ি আগামী একমাসের মধ্যে সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক কর্মচারীদের টিকা প্রদান করা হবে। সেজন্য সকলকে সগযোগিতা করার জন্য অনুরোধ করেন। এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা শিক্ষা অফিসার, কুমারখালী, কুষ্টিয়া।
১০	**সমবায় বিভাগ ঃ** সভায় উপজেলা সমবায় কর্মকর্তা জানান ১০টি আশ্রায়ণ প্রকল্পের আবাসন কর্তৃক ঋণ প্রাপ্তি ৫৩.২০ বিতরনকৃত ঋণ (ঘূর্ণায়মানসহ) ১০৪.০২ টাকা আদায়কৃত ঋণ (ঘূর্ণায়মানসহ) ৭০.৩৯ টাকা। অডিট বাবদ রাজস্ব আদায় পূর্বক জমা প্রদান করা হয়েছে ৩,৩২,০০০/- টাকা এবং ৭২,০০০/- টাকা আদায় কার্যক্রম প্রক্রিয়াধীন আছে। এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা সমবায় কর্মকর্তা কুমারখালী, কুষ্টিয়া ।

১১	**পরিবার পরিকল্পনা বিভাগ ঃ** সভায় উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান সেপ্টেম্বর/২১ মাসে মা ও শিশু কল্যাণ কেন্দ্রে বিনামূল্য স্বাভাবিক ডেলিভারীসেবা-১৪জন,বয়ঃসন্ধিকালীন/প্রজনন স্বাস্থ্য সেবা-৪,৪৩৪ জন, পুষ্টি সেবা চলমান-৪,০২৭ জন, সেপ্টেম্বর/২১ মাসে ৬,৮৭৮ জন প্রসূতি মাকে চিকিৎসাসেবা প্রদান করা হয়েছে। এছাড়া সিএসবিএ কর্তৃক বিনামূল্য স্বাভাবিক ডেলিভারী সেবা প্রদান করা হয়েছে-০৫ জন এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা কুমারখালী, কুষ্টিয়া।
১২	**ত্রাণ শাখা ঃ** সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার প্রতিনিধি জানান ২০২১-২০২২ অর্থ বছরে কাবিখা প্রকল্পের অনুকূলে নগদ টাকা এবং খাদ্য শস্যর বরাদ্দ পাওয়া গেছে। উক্ত বরাদ্দের আলোকে উপজেলা প্রকল্পসমূহ অনুমোদনের জন্য জেলা কর্ণধার সভায় প্রেরণ করা হয়েছে এবং মানবিক সহয়তা কর্মসূচির আওতায় ঘর নির্মাণ করা হয়েছে। সেখানে এখন পর্যন্ত টিউবয়েল স্থাপন করা হয়নি। সেজন্য দ্রুত টিউবয়েল স্থাপন করার জন্য উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কুমারখালীকে দৃষ্টি আর্কষণ করেন। এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে মানবিক সহয়তা কর্মসূচির আওতায় নির্মাণকৃত ঘরে দ্রুত টিউবয়েল স্থাপন করার জন্য উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কুমারখালী ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কুমারখালী কুমারখালী, কুষ্টিয়া।
১৩	**সমাজসেবা বিভাগ ঃ** সভায় উপজেলা সমাজসেবা কর্মকর্তা অনুউপস্থিত বিধায় আলোচনা করা সম্ভব হলোনা।	পরবর্তী মাসিক সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।	উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কুমারখালী, কুষ্টিয়া।
১৪	**যুব উন্নয়ন বিভাগ ঃ** সভায় উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, চলতি মাসে ৩৫০ লক্ষ টাকা যুব ঋণ বিতরণ করা হয়েছে। ১লা নভেম্বর তারিখে বিশ্ব যুব দিবস পালন করা হবে। যুব দিবসে সকলের সহযোগিতার জন্য অনুরোধ করেন। এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা কুমারখালী।
১৫	**মহিলা বিষয়ক বিভাগ ঃ** সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান সেপ্টেম্বর/২১ মাসে ভিজিডি সুবিধাভোগীর অনুকূলে চাউল বিতরণ সম্পন্ন করা হয়েছে, প্রতি ইউনিয়নে ১৯৫ টি মাতৃত্বকালীন ভাতাভোগী চলমান আছে। গত মাসে ০১ টি বাল্য বিবাহ বন্দ করা হয়েছে ও ০২ টি নারী নির্যাতনের অভিযোগ পাওয়া গেছে। উপজেলা নির্বাহী অফিসার জানান বাল্য বিবাহ অনুষ্ঠিত হচ্ছে সংশ্লিষ্ট ইউপি সদস্য অবশ্যই জানেন, তাছাড়া বাল্য বিবাহ শুক্রবার ও শনিবার বেশি অনুষ্ঠিত হয়। সেজন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও ইউপি সদস্য সর্ত থাকলে বাল্য বিবাহ বন্দ করা সফল হবে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।	মহিলা ও শিশু বিষয়ক কর্মকর্তা কুমারখালী, কুষ্টিয়া।
১৬	**জনস্বাস্থ্য বিভাগ ঃ** সভায় উপজেলা জনস্বাস্থ্য কর্মকর্তা জানান তার দপ্তরের	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা	উপ-সহকারী

CamScanner

	কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। উপজেলা নির্বাহী অফিসার বলেন মানবিক সহয়তা কর্মসূচির আওতায় ০৭ টি ঘরের অনুকূলে টিউবয়েল স্থাপন করার নির্দেশনা থাকলেও এখন পর্যন্ত বাস্তবায়ন করা হয়নি। জনস্বাস্থ্য কর্মকর্তা জানান বরাদ্দ পাওয়া গেছে। দরপত্র আহবান প্রক্রিয়াধীন আছে।	করা হয় এবং নলকূপ স্থাপন দ্রুত করার জন্য উপ-সহকারি প্রকৌশলী উদ্যোগ গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।	প্রকৌশলী, জনস্বাস্থ্য বিভাগ, কুমারখালী, কুষ্টিয়া।
১৭	**আবাসিক প্রকৌশলী** সভায় আবাসিক প্রকৌশলী কুমারখালী অনুউপস্থিত বিধায় আলোচনা করা সম্ভব হলো না।	পরবর্তী মাসিক সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।	আবাসিক প্রকৌশলী, কুমারখালী, কুষ্টিয়া।
১৮	**পল্লী বিদ্যুৎ বিভাগ ঃ** সভায় ডিজিএম পল্লী বিদ্যুৎ কুমারখালী অনুউপস্থিত বিধায় আলোচনা করা সম্ভব হলো না।	পরবর্তী মাসিক সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।	ডিজিএম পল্লী বিদ্যুৎ কুমারখালী, কুষ্টিয়া।
১৯	**পল্লী উন্নয়ন বিভাগ ঃ** সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান চলতি অর্থ বছরে কৃষি খাতে ৭.৫ লক্ষ টাকা কৃষি ঋণ বিতরণ করা হয়েছে। পল্লী বিভাগে ০৫ টি প্রকল্প চলমান আছে। কুমারখালী ইউসিসিএ লিঃ এর অনুকূলে ২০ লক্ষ টাকা ঋণ ফান্ড পাওয়া গেছে চলতি অর্থবছরে ঋণ বিতরণ করা হয়েছে ৫.৩৫ লক্ষ টাকা। দারিদ্র বিমোচনের লক্ষে পুষ্টি সমৃদ্ধ উচ্চমুল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরন কর্মসূচী শীর্ষক প্রকল্পের অনুকূলে ৩০ লক্ষ ঋণ ফান্ড পাওয়া গেছে। এই খাতে ঋণ বিতরণ করা হয়েছে ১৫.৫৫ লক্ষ টাকা। পল্লী প্রগতি প্রকল্পের আওতায় ঋণ বিতরণ ১৪৪.১৮ লক্ষ টাকা এবং আদায়ের পরিমান ১০২.৬৩ লক্ষ টাকা মাঠে বকেয়া আছে ৪১.৫৫ লক্ষ টাকা। এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা কুমারখালী, কুষ্টিয়া।
২০	**সমন্বয়কারী উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প ঃ** সমন্বয়কারী উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প জানান তিনটি বিদ্যালয়ে হাইজিন কর্ণনার নির্মাণ কাজ চলমান আছে। এবং ০৫ টি মাধ্যমিক বিদ্যালয়ে হাইজিন কর্ণার নির্মাণ চলমান, স্বাস্থ্য কমপ্লেক্স-এ ডিজিটাল এক্সরে মেশিন সরবরাহ করার জন্য দরপত্র আহবান এর কাজ শেষ হয়েছে।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।	সমন্বয়কারী উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প কুমারখালী, কুষ্টিয়া।
২১	**বন বিভাগ ঃ** সভায় উপজেলা বন কর্মকর্তা জানান তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। উপজেলা নির্বাহী অফিসার বলেন উপজেলা পরিষদের মালিকানাধীন ফুলকুড়ি কিন্ডার গার্ডেন এর মধ্যে মেহগণি গাছ মরা অবস্থায়। উক্ত গাছের কাঠের পরিমান নির্ধারণ করার জন্য আপনার দপ্তরেকে পত্র প্রেরণ করা হয়েছে। উপজেলা বন কর্মকর্তা বলেন বিভাগীয় দপ্তরে প্রেরণ করা হয়েছে। প্রতিনিধি নির্ধারন করা হলেই কাজটি দ্রুত সমাধান করা হবে। মেয়র কুমারখালী পৌরসভা জানান গত শিক্ষা কমিটিতে মির্জাপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের গাছ কর্তনের বিষয়ে আলোচনা করা হয়। উপজেলা বন কর্মকর্তা বলেন বেশ কিছু প্রাথমিক বিদ্যালয়ের গাছ কর্তনের লক্ষ্যে গাছের মূল্য নির্ধারণের	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় দ্রুত কাজটি শেষ করার জন্য উপজেলা বন কর্মকর্তাকে অনুরোধ করা হয়।	উপজেলা বন-বিভাগ, কুমারখালী, কুষ্টিয়া।

CamScanner

	জন্য পত্র প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে খুবই দ্রুত কাজটি সম্পাদন করা হবে।		
২২	**খাদ্য বিভাগ ঃ** সভায় উপজেলা ভারপ্রাপ্ত খাদ্য কর্মকর্তা জানান যে, বর্তমানে খাদ্য বান্ধব কর্মসূচী ওএমএস চাল প্রদান করা হচ্ছে। শারদীয় দূর্গা পূজার জন্য বরাদ্দকৃত ডিও অনুকূলে এর চাউল প্রদান করা হচ্ছে। তিনি জানান ওএমএস চালুর কারনে চাউলের বাজার স্থিতিশীল আছে। উপজেলা নির্বাহী অফিসার বলেন খাদ্য বিভাগের বিভিন্ন ধরনের ডিও এর সাথে ট্যাগ অফিসার ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জড়িত। সেখান থেকে যেকোন ধরনের অভিযোগ উপস্থাপিত হতে পারে এ ধরনের কার্যক্রম থেকে বিরত থাকার জন্য সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন। চেয়ারম্যান উপজেলা পরিষদ কুমারখালী বলেন ওএমএস ডিলার এর চাউল প্রতি বস্তায় ২ থেকে ৩ কেজি কম হচ্ছে। তাছাড়া কিছু চাউল খাবার অনুউপযোগি এর প্রকৃত কারণ উদ্ভাবন করার জন্য উপজেলা খাদ্য কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন। খাদ্য কর্মকর্তা বলেন বস্তায় চাউল থাকবে ৩০ কেজি এবং বস্তার ওজন হবে ৪০০ গ্রাম। মোট চাউলসহ বস্তার ওজন হবে হবে ৩০ কেজি ৪০০ গ্রাম। প্রতিটি বস্তায় এই পরিমান চাউল গুদাম কর্মকর্তার নিকট থেকে গ্রহণ করার জন্য অনুরোধ করেন। উপজেলা চেয়ারম্যান বলেন খাদ্যগুদামে সমস্ত চাউল ওজন করার ব্যবস্থা রাখা হয়না। সেখানে একটি অথবা দুইটি বস্তা ওজন করে সংশ্লিষ্ট ডিলারকে বাকি চাউল প্রদান করা হয়। গুদাম কর্তকর্তা ডিলারদের উপর দোষ চাপাচ্ছে এবং ডিলারগণ গুদাম কর্মকর্তার উপর দোষ প্রদান করেছে। এতে বিশৃঙ্খলা তৈরী হওয়ার আশংখা দেখা যাচ্ছে। মেয়র কুমারখালী পৌরসভা জানান একজনের অনুকূলে যা বরাদ্দ থাকে তার থেকে এক বস্তা ওজন করে গাণিতিক হারে চাউল প্রদান করে থাকেন। এর ফলে চাউলের পরিমাণ কম হয়। খাদ্য গুদামের বস্তায় চাউল কম থাকলে সংশ্লিষ্ট ডিলার গ্রাহককে চাউল কম প্রদান করবে এটাই স্বাভাবিক। সেজন্য চাউল প্রদান করার সময় সংশ্লিষ্ট ট্যাগ অফিসার এবং ডিলার এর সামনে সমস্ত চাউল ওজন করলে এই অভিযোগ থেকে পরিত্রাণ পাওয়া যেতে পারে। সরকার গরিব দুস্থ্যদের মাঝে চাউল প্রদান করছে অথচ সরকারকেই চাউল চুরির অপবাদ দেওয়া হচ্ছে। চেয়ারম্যান সদকী ইউনিয়ন পরিষদ জানান বিভিন্ন প্রকল্পের ডিও উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রায় একই সময়ে প্রদান করা হয়। সেজন্য ডিও প্রদান করার আগে খাদ্য গুদাম সরেজমিন পরিদর্শন করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার বলেন খাদ্য গুদাম থেকে প্রতি বস্তা ওজন করে সংশ্লিষ্ট ডিলারকে চাউল প্রদান করলে ডিলার কর্তৃক এই ধরনের অভিযোগ দেওয়ার কোন সুযোগ থাকবেনা। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং খাদ্য গুদাম থেকে যে কোন ধরনের প্রকল্পের অনুকূলে ডিও এর পরিমান ৫০০ কেজি চাউল/গম হলেও খাদ্য গুদাম থেকে সংশ্লিষ্ট ট্যাগ অফিসার/ডিলার এবং প্রকল্প বাস্তবায়ন কমিটির সভাপতির উপস্থিতিতে ওজন করে চাউল/গম প্রদান করবেন। খাদ্যগুদাম থেকে চাউল/গম গ্রহণ করার পর খাদ্যগুদামের বাহিরে কোন ধরনের অভিযোগ গ্রহণ করা হবেনা। তাছাড়া খাদ্যগুদাম কর্মকর্তা চাউল/গম ওজন করতে না চাইলে তৎক্ষনিক উপজেলা নির্বাহী অফিসারকে অবহিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।	উপজেলা খাদ্যকর্মকর্তা গুদাম কর্মকর্তা এবং চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ কুমারখালী কুষ্টিয়া ও সংশ্লিষ্ট সকলে।

CS CamScanner

	ভাবে চলছে।		
২৩	**আনসার ভিডিপি ঃ** সভায় উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা দূর্গা পূজা উদযাপন সময়ে ১১৮ জন আনসার সদস্য দায়িত্ব পালন করেছেন। কোথাও কোন অপ্রীতিকর ঘটনা ঘটেনি।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।	আনসার ভিডিপি কর্মকর্তা, কুমারখালী, কুষ্টিয়া।
২৪	**পল্লী সঞ্চয় ব্যাংক ঃ** সভায় ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক, কুমারখালী অনুউপস্থিত বিধায় আলোচনা করা সম্ভব হলো না।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।	সমন্বকারী আমার বাড়ি আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক কুমারখালী, কুষ্টিয়া
২৫	**তথ্যসেবা কর্মকর্তা ঃ** সভায় তথ্যসেবা কর্মকর্তা অনুউপস্থিত বিধায় আলোচনা করা সম্ভব হলো না।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।	তথ্যসেবা কর্মকর্তা কুমারখালী, কুষ্টিয়া।
২৬	**আইসিটি বিভাগ ঃ** সভায় সহকারি প্রোগ্রামার আইসিটি অধিদপ্তর, কুমারখালী জানান ওয়েব পোর্টালে কিছু কিছু সরকারি অফিসের কর্মকর্তার নাম পরিবর্তন করা হয়নি। এছাড়া সরকারি সকল কাজের তালিকা ওয়েব পোর্টালে প্রকাশ করার জন্য অনুরোধ করেন।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে ওয়েব পোটাল আপডেট করার জন্য সংশ্লিষ্ট সকল দপ্তরকে অনুরোধ করা হয়।	সংশ্লিষ্ট সকল সরকারি/আধাসরকারি দপ্তর কুমারখালী, কুষ্টিয়া।

২৮। **উপজেলা পরিষদের বাসা বাড়ি সংস্কার সংক্রান্ত ঃ**

সভায় উপজেলা প্রকৌশলী জানান উপজেলা পরিষদ, কুমারখালীর অভ্যন্তরে বিভিন্ন অফিসের সংযোগ সড়ক না থাকায় বর্ষা মৌসুমে সেবা গ্রহীতাদের দুর্ভোগ পেতে হয়। ফলে অফিসের সামনের সংযোগ সড়ক নির্মাণ করা প্রয়োজন। এছাড়া উপজেলা পরিষদের বিভিন্ন আবাসিক বাসভবন ও উপজেলা কমপ্লেক্স দীর্ঘদিন মেরামত/সংস্কার না হওয়ায় জরাজীর্ণ হয়ে পড়েছে। সেগুলি জরুরি ভিত্তিতে সংস্কার না করলে বাসভবনে বসবাস করা সম্ভব নয়। তাছাড়া উপজেলা কমপ্লেক্স ভবনে অফিস পরিচালনা করা সম্ভব হবেনা। ইত্যেমধ্যেই উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের সাথে আলোচনান্তে উপজেলা পরিষদ ডরমেটরী ভবন, আবাসিক বাসভবন মেঘনা, গড়াই ও ভৈরব মেরামত/সংস্কার- ১২,২০,৯৭১/- টাকা, উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন মেরামত/সংস্কার-১০,০৩,৯৫১/-টাকা, উপজেলা যুব উন্নয়ন অফিস ও উপজেলা শিক্ষা অফিস মেরামত/সংস্কার- ৫,৪৭,৩০৫/- টাকা এবং বঙ্গবন্ধু শেখ মজিবুর রহমান এঁর শেখ মুজিব মুর‍্যালের সামনের মাঠ উন্নয়ন-৪৩,৭৪,৪১৫/- টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। উক্ত প্রাক্কলন সমূহ অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।

সিদ্ধান্ত ঃ সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে কুমারখালীকে একটি মডেল উপজেলা পরিষদ গড়ার লক্ষ্যে প্রস্তুতকৃত প্রাক্কলনসমূহ সর্বসম্মতভাবে অনুমোদিত হয়। প্রাক্কলন সমূহের বিবরণ নিম্নরূপ :

ক্র: নং	প্রকল্প সমূহের নাম	প্রাক্কলিত মূল্য
০১।	উপজেলা পরিষদ ডরমেটরী ভবন, আবাসিক বাসভবন মেঘনা, গড়াই ও ভৈরব মেরামত/সংস্কার	১২,২০,৯৭১/-
০২।	উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন মেরামত/সংস্কার	১০,০৩,৯৫১/-
০৩।	উপজেলা যুব উন্নয়ন অফিস ও উপজেলা শিক্ষা অফিস মেরামত/সংস্কার	৫,৪৭,৩০৫/-
০৪।	বঙ্গবন্ধু শেখ মজিবুর রহমান এঁর শেখ মুজিব মুর‍্যালের সামনের মাঠ উন্নয়ন	৪৩,৭৪,৪১৫/-

এছাড়া ২০২১-২০২২ অর্থ বছরে স্থানীয় সরকার বিভাগের আবাসিক বাসভবন এবং উপজেলা কমপ্লেক্স ভবন সংস্কার/মেরামত করার জন্য বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় কমপ্লেক্স ভবনাদি নির্মাণ/পুনঃনির্মাণ/বিদ্যমান ভবন সম্প্রসারণ মেরামত ও রক্ষণাবেক্ষন খাত হতে বরাদ্দ প্রদান করার জন্য স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহিত হয়। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার পরবর্তী ব্যবস্থা গ্রহণ করবেন।

২৯। **নভেল্ন করোনা ভাইরাস কোভিড-১৯ প্রতিরোধ সামগ্রী ক্রয় সংক্রান্ত :**

সভায় উপজেলা প্রকৌশলী জানান স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখার ১৬/০৮/২০২১ খ্রি তারিখের ৪৬.০০. ০০০০ .০৪৫.২০.০০৪.২১-৪৫৪ নং স্মারক পত্রে নভেল করোনা ভাইরাস কোভিড-১৯ প্রতিরোধের জন্য উপজেলা পরিষদ, কুমারখালীর অনুকূলে ৪.২৯ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়। উক্ত বরাদ্দের আলোকে উপজেলা চেয়ারম্যান মহোদয়ের সাথে বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত ভাবে প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে।

CamScanner

ক্রঃ নং	প্রতিরোধ সামগ্রীর নাম	টাকার পরিমান	মন্তব্য
০১।	মাস্ক (ওয়ান টাইম)	১,০০,০০০/- (এক লক্ষ) টাকা মাত্র	
০২।	এ্যান্টিসেপটিক সাবান	১,৮০,০০০/-(এক লক্ষ আশি হাজার) টাকা মাত্র	
০৩।	পালস অক্সিমিটার	৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা মাত্র	
০৪।	হ্যান্ড স্যানিটাইজার	৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা মাত্র	
০৫।	অক্সিজেন সিলিন্ডার+ থার্মাল স্ক্যানার	৪৯,০০০/- (উন-পঞ্চাশ হাজার) টাকা মাত্র	

সিদ্ধান্ত ঃ সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নভেল করোনা ভাইরাস কোভিড-১৯ প্রতিরোধের জন্য প্রস্তুতকৃত প্রাক্কলনসূমহ সর্বসম্মত ভাবে অনুমোদিত হয়। এছাড়া প্রতিরোধ সামগ্রী কোটেশনের মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। এ বিষয়ে উপজো প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

২৯। উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের নিম্নোক্ত ব্যয়/ ব্যয়োত্তর অনুমোদন প্রদান করা হয় ঃ-

১।	অপ্যায়ন-	২৯,৬০০/-
২।	আনুষঙ্গিক-	৫,০০০/-
৩।	উপজেলার বিভিন্ন কমিটির সভার অপ্যায়ন ব্যয় বিল বাবদ-	৭,৯৫২/-
৪।	সেপ্টেম্বর/২১ মাসের ইন্টারন্টে বিল বাবদ-	১,৫০০/-
৫।	উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের সামনে ও গড়াই বাসভনের সামনে ও পিছনে আগাছা পরিস্কার করন বিল বাবদ-	১২,০০০/-
৬।	উপজেলা পরিষদের সিসি ক্যামেরা ও এসি মেরামত বিল বাবদ-	১৩,৭৬০/-
৫।	উপজেলা পরিষদ অফিস কার্যালয়ের আগষ্ট/২১ মাসের বিদ্যুৎ বিল বাবদ	৪,০০০/-
৬।	উপজেলা পরিষদ পানির পাম্প মেশিনের আগষ্ট/২১ মাসের বিদ্যুৎ বিল বাব	৯,৩৯৭/-

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

মোঃ আব্দুল মান্নান খান
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কুমারখালী, কুষ্টিয়া।

CS CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
কুমারখালী, কুষ্টিয়া।

স্মারক নং-৪৬.৪৬.৫০৭১.০১৪.০০.০০৩.২১-৫০

তারিখ ঃ- ১৭ কার্তিক, ১৪২৮ বঙ্গাব্দ / ০২ নভেম্বর, ২০২১ খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ-

১। জনাব সেলিম আলতাফ জর্জ, মাননীয় সংসদ সদস্য, ৭৮কুষ্টিয়া-৪ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।

সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ-

২। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব,স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। জেলা প্রশাসক, কুষ্টিয়া।
৫। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।
৬। উপপরিচালক, স্থানীয় সরকার, কুষ্টিয়া।
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমারখালী কুষ্টিয়া।
৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।
৭। উপজেলা .... অফিসার, কুমারখালী, কুষ্টিয়া।
৮। চেয়ারম্যান...................................... ইউপি, কুমারখালী, কুষ্টিয়া।
৯। অফিস কপি।

Bdoumandal
০২।১১।২১

বিতান কুমার মন্ডল
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কুমারখালী, কুষ্টিয়া।

CamScanner

১৬ সেপ্টেম্বর, ২০২১ তারিখে অনুষ্ঠিত ৫ম উপজেলা পরিষদের ৩৭তম সভায় উপস্থিত সদস্য বৃন্দের তালিকা

"পরিশিষ্ট- ক"

ZOOM সভা

ক্রমিক	নাম ও পদবী	স্বাক্ষর ও তারিখ
০১।	মোঃ সাইদুর রহমান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমারখালী।	স্বাক্ষরিত
০২।	ডাঃ মোঃ আকুল উদ্দিন, উপজেলা স্বাস্থ্য কর্মকর্তার কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
০৩।	মেরিনা আক্তার মিনা মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমারখালী।	স্বাক্ষরিত
০৪।	ডাঃ মোঃ নুরে আলম সিদ্দিকী, উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা,কুমারখালী, কুষ্টিয়ার	স্বাক্ষরিত
০৫।	মাহামুদুল হাসান, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা কার্যালয় কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
০৬।	রাকিবুল হাসান, ভারপ্রাপ্ত কর্মকর্তা, কুমারখালী থানা, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
০৭।	মোঃ নওশের আলী বিশ্বাস, চেয়ারম্যান, নন্দলালপুর ইউনিয়ন পরিষদ,কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
০৮।	দেবাশীষ কুমার দাস, উপজেলা কৃষি কর্মকর্তা কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
০৯।	মোঃ মোস্তাফিজুর রহমান উপজেলা শিক্ষা অফিসার কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
১০।	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
১১।	মোঃ আলাউদ্দিন খান, চেয়ারম্যান, বাগুলাট ইউনিয়ন পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
১২।	মোঃ ফিরোজ আহমেদ, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
১৩।	মোঃ মাহামুদুল ইসলাম, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
১৪।	ফেরদৌস নাজনীন, উপজেলা মহিলা ও শিশু বিষয়ক কর্মকর্তা, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
১৫।	মোঃ পারভীন খাতুন, সংরক্ষিত সদস্য উপজেলা পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
১৬।	মোঃ আব্দুল মজিদ চেয়ারম্যান সদকী ইউনিয়ন পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
১৭।	মোঃ তোফাজ্জেল হোসেন, চেয়ারম্যান সাদীপুর ইউনিয়ন পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
১৮।	মোঃ সাইদ হাসান, উপজেলা সমবায় কর্মকর্তা,কুমারখালী,কুষ্টিয়া।	স্বাক্ষরিত
১৯।	মোঃ আলামিন মিয়া, উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কুমারখালী	স্বাক্ষরিত
২০।	মোঃ সালাউদ্দিন খান তারেক, চেয়ারম্যান, শিলাইদহ ইউনিয়ন পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
২১।	আব্দুর রহিম, উপজেলা প্রকৌশলী, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
২২।	মোছাঃ জান্নাতুল ফেরদৌস, সংরক্ষিত সদস্য, উপজেলা পরিষদ কুমারখালী।	স্বাক্ষরিত
২৩।	ময়না খাতুন, সংরক্ষিত সদস্য, উপজেলা পরিষদ কুমারখালী।	স্বাক্ষরিত
২৪।	মোঃ ইশতিয়াক শাহরিয়ার, সহকারি প্রোগ্রামার, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
২৫।	মোঃ রাশিদুজ্জামান, চেয়ারম্যান, চাঁদপুর ইউনিয়ন পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
২৬।	ফারুক আহমেদ খান, চেয়ারম্যান, জগন্নাথপুর, ইউনিয়ন পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
২৭।	মোঃ শরিফুল আলম, চেয়ারম্যান যদুবয়রা ইউনিয়ন পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
২৯।	এস এম রফিকুল ইসলাম, প্যানেল মেয়র, কুমারখালী পৌরসভা, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
৩০।	মোঃ জামশেদ ইকবালুর রহমান, ভারপ্রাপ্ত গুদাম কর্মকর্তা, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
৩১।	আব্দুর রশিদ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
৩২।	মোঃ আব্দুল হালিম, যুব উন্নয়ন কর্মকর্তা, কুমারখালী, কুষ্টিয়া	স্বাক্ষরিত
৩৩।	তানভিনা আক্তার রুমা, তথ্য সেবা কর্মকর্তা, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
৩৪।	বিপ্লব কুমার সাহা, সমন্বয়কারী ইউডিএফ কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
৩৫।	উপজেলা বন বিভাগ, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
		স্বাক্ষরিত

অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা

০১।	মনির হাসান রিন্টু, চেয়ারম্যান, চাপড়া ইউনিয়ন পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।	
০২।	মোঃ হাফিজুর রহমান, চেয়ারম্যান, পান্টি ইউনিয়ন পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।	
০৩।	মোহম্মদ আলী, উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, কুমারখালী, কুষ্টিয়া।	
০৪।	মোঃ সেলিম আহমেদ, শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক, কুমারখালী, কুষ্টিয়া।	
০৫।	জগতি রায়, এজিএম পল্লী বিদ্যুৎ, কুমারখালী, কুষ্টিয়া।	
০৬।	ইঞ্জিঃ আব্দুর রশিদ, আবাশিক প্রকৌশলী, কুমারখালী, কুষ্টিয়া।	
০৭।	চেয়ারম্যান কয়া ইউনিয়ন পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।	
০৮।	মোঃ আব্দুল্লাহ আল মামুন, উপসহকারী প্রকৌশলী, বিএডিসি, কুষ্টিয়া।	
০৬।	মোছাঃ মঞ্জুয়ারা খাতুন, সংরক্ষিত সদস্য উপজেলা পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।	

CS CamScanner